অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/7/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নভেল করোভাইরাস নিয়ে নিউ ইয়র্কবাসীদের আপডেট করেছেন এবং সচেতনতা বজায় রাখার জন্য অনুরোধ করেছেন ফ্লুয়ের প্রভাব যখন অব্যাহত আছে

নিউ ইয়র্ক রাজ্যে এখন অবধি কোনো নিশ্চিত করোনাভাইরাসের দৃষ্টান্ত পাওয়া যায়নি

ল্যাবরেটরি থেকে নিশ্চিত করা ফ্লুয়ের ঘটনা এবং হাসপাতালে ভর্তি করার সংখ্যা সাম্প্রতিক রিপোর্টে বেড়েই চলেছে

আপনার কাছাকাছি যেখানে আপনি ফ্লুয়ের শট নিতে পারবেন তা বার করুন এখানে, এবং আপনার এলাকায় ফ্লুয়ের কেস ট্র্যাক করুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ নিউইয়র্ক স্টেটে নভেল করোনাভাইরাস-এর পরীক্ষার পরিস্থিতি সম্পর্কে আপডেট ঘোষণা করেছেন। আজ পর্যন্ত নিউ ইয়র্কবাসীদের 22টি নমুনা পাঠানো হয়েছে সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনে (Centers for Disease Control and Prevention, CDC) পরীক্ষার জন্য। এর মধ্যে, 16টি নেতিবাচক হিসেবে ফিরে এসেছে। নিউ ইয়র্ক সিটি থেকে তিনটি নমুনা এবং নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক রাজ্যের তিনটি নমুনা এখনো অমীমাংসিত, যা মোট অনিষ্পাদিত নমুনার সংখ্যা নিয়ে এসেছে ছয়টিতে। নিউ ইয়র্ক রাজ্যে এখনো কোনও নিশ্চিত নভেল করোনাভাইরাসের ঘটনা নেই।

এছাড়াও, ফ্লু আক্রান্তের সংখ্যা নিয়ে গভর্নর আপডেট জারি করেছেন, যা বেড়ে চলেছে, এবং সকল নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করেছেন সুপারিশকৃত সতর্কতা অবলম্বন করতে আমরা যখন ফ্লুয়ের মৌশমের প্রবলতম প্রভাবের দিকে অগ্রসর হচ্ছি।

"আমরা এ রাজ্যে নভেল করোভাইরাসের নিশ্চিত কেস না পেয়ে থাকলেও, এই বিপজ্জনক ভাইরাস থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে আমরা প্রতিটি প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে যাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "আমি নিউ ইয়র্কবাসীদের মনে করিয়ে দিতে চাই তাদের করোভাইরাসের চেয়ে ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের সংস্পর্শে আসার সম্ভাবনা বেশি, এবং উভয়ের বিরুদ্ধে সবাইকে সুরক্ষিত থাকার জন্য সাধারণ বুদ্ধির সাবধানতা অবলম্বন করার অনুরোধ জানাচ্ছি, যেমন নিয়মিত হাত ধোয়া এবং অসুস্থ ব্যক্তিদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলা।"

স্বাস্থ্য দপ্তর (Department of Health) ফেডারেল, রাজ্য ও স্থানীয় পর্যায়ে তার অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে এই ক্রমাগত বিবর্তনশীল স্বাস্থ্য সংক্রান্ত জরুরী অবস্থা নিয়ে। এখন যখন মার্কিন ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (U.S. Food and Drug Administration) সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention) ডায়গনিস্টিক টেস্ট ব্যবহারের জন্য রাজ্যকে অনুমতি দিয়েছে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের (New York State Department of Health) ওয়াডসোয়ার্থ সেন্টার (Wadsworth Center) করোনাভাইরাস টেস্টিং বাস্তবায়নের জন্য কাজ করছে। ওয়াডসোয়ার্থ সেন্টার, যা অসংখ্য জনস্বাস্থ্য জরুরী অবস্থার পুরোভাগে আছে যেমন ভেপিং সম্পর্কিত অসুস্থতা, SARS এবং সিন্থেটিক ক্যানাবিনয়েড, তাদের পরীক্ষা শুরু করার আগে সঠিক যাচাইকরণ প্রোটোকল সম্পন্ন করতে হবে।

সাম্প্রতিক ইনফ্লুয়েঞ্জা নজরদারির রিপোর্টে দেখা যাচ্ছে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে মৌসুমী ফ্লুয়ের সক্রিয়তা বেড়ে চলেছে, যেখানে 62টি কাউন্টিগুলির মধ্যে অন্তত একটি ল্যাব-নিশ্চিত ঘটনা পাওয়া গেছে। অক্টোবরে ফ্লু মৌসুম শুরু হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে পরীক্ষাগার থেকে নিশ্চিত করা ফ্লুর কেস এবং হাসপাতালে ভর্তি করার সংখ্যা বেড়েছে চলেছে। সাধারণত অক্টোবর থেকে মে মাসের মধ্যে ফ্লু মৌসুম হয়, এবং 2019-20 মৌসুমে এখনও পর্যন্ত বিস্তৃত হওয়া বাকী আছে।

গত সপ্তাহে 1,889 জন নিউ ইয়র্কের অধিবাসীকে ল্যাব-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জা নিয়ে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। এই মরসুমে, ফ্লু সম্পর্কিত হাসপাতালে ভর্তির সংখ্যা 13,460টি। এছাড়াও, গত সপ্তাহে, 17,231টি পরীক্ষাগার থেকে নিশ্চিত করা ফ্লু রোগের কেস রাজ্য স্বাস্থ্য দপ্তরে দেওয়া হয়েছিল, যা আগের সপ্তাহের চেয়ে 15 শতাংশ বেশি। একটি ফ্লু মৌসুমে এক সপ্তাহের মধ্যে সব চেয়ে বেশি ল্যাব-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জার ঘটনা ঘটেছে 2017-18 সালে, যা 18,252টি।

এই মৌসুমে মোট 89,597টি গবেষণাগার থেকে নিশ্চিত হওয়া ঘটনা পাওয়া গেছে, তিনটি ফ্লু-জনিত শিশুমৃত্যুর ঘটনা সহ। নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকারে (New York State Flu Tracker) ইনফ্লুয়েঞ্জা সক্রিয়তার ডেটা পাওয়া যায়। ফ্লু ট্র্যাকার নিউ ইয়র্ক স্টেট হেলথ কানেক্টরের (New York State Health Connector)-এর একটি ড্যাশবোর্ড যেটি স্থানীয়, আঞ্চলিক এবং স্টেট জুড়ে ইনফ্লুয়েঞ্জার সক্রিয়তা সম্পর্কে সময়োপযোগী তথ্য প্রদান করে।

3রা জানুয়ারিতে, স্বাস্থ্য দপ্তর রাজ্যব্যাপী অ্যাডভাইজরি করেছে নিউ ইয়র্ক রাজ্য জুড়ে ফ্লুয়ের ক্রিয়াকলাপ নাটকীয়ভাবে বৃদ্ধি পাওয়া সম্পর্কে স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের সতর্ক করার জন্য।

স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন, "যদিও নিউ ইয়র্কে করোভাইরাসের একটি নিশ্চিত ঘটনা নেই, ফ্লু এখানে আছে এবং এটি খুব গুরুতর হতে পারে। প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণ করা, যেমন হাত প্রায়শই ধোয়া, কাশি বা হাঁচি বাহু দিয়ে ঢেকে দেওয়া এবং ফ্লুয়ের মতো উপসর্গগুলির অভিজ্ঞতা হলে বাড়িতে থাকা, ফ্লুর বিস্তার রোধ করতে সহায়তা করবে। এই একই পদক্ষেপগুলি নিউ ইয়র্কবাসীদের নভেল করোনাভাইরাস থেকে রক্ষা করতে সহায়তা করবে।"

দ্য স্টেট হেলথ ডিপার্টমেন্ট সুপারিশ করে এবং অনুরোধ করে যে ছয় মাস বা তার বেশি বয়সী প্রত্যেককে ইনফ্লুয়েঞ্জার একটি ভ্যাকসিন গ্রহণ করা উচিত। বর্তমানে নভেল করোনাভাইরাসের জন্য কোন টিকা না থাকলেও, প্রাত্যিহিক রক্ষণাত্মক পদক্ষেপগুলি এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- আপনার চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।
- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।

যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি এই এলাকায় ভ্রমণ করেছেন, তাদের উচিৎ তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

নিউ ইয়র্কবাসীরা 1-888-364-3065-এ রাজ্য হটলাইনে কল করতে পারেন, যেখানে স্বাস্থ্য দপ্তরের বিশেষজ্ঞরা নভেল করোনাভাইরাস সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে পারেন। এছাড়া নিউ ইয়র্কবাসীদের জন্য সংস্থান হিসেবে এই বিভাগের নিবেদিত ওয়েবসাইট তৈরি করা হয়েছিল এবং এটি প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। এই ওয়েবসাইটটিতে এখন স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির জন্য গতিবিধি এবং পর্যবেক্ষণের নির্দেশিকা রয়েছে এবং স্বাস্থ্য ও রাজ্য শিক্ষা দপ্তর (Department of Health and State Education Department) থেকে একটি চিঠি রয়েছে যাতে স্কুলের জন্য নির্দেশিকা প্রদান করা হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন